



## ইনকিলাব মঞ্চের প্রতিরোধ সমাবেশে সর্বাঙ্গিক অংশ নেবে বিএনপি: সালাহউদ্দিন



সংগৃহীত ছবি

ইনকিলাব মঞ্চের মুখপাত্র শরিফ ওসমান হাদির ওপর হামলার মতো ঘটনা প্রতিরোধে ফ্যাসিবাদবিরোধী ঐক্যের বিকল্প নেই বলে জানিয়েছে বিএনপি। এ বিষয়ে বিএনপি, জামায়াতে ইসলামী ও এনসিপি একমত হয়েছে।

শনিবার (১৩ ডিসেম্বর) রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় প্রধান উপদেষ্টার সঙ্গে সাক্ষাৎ শেষে গণমাধ্যমকে এসব কথা বলেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ। তিনি বলেন, রাজনৈতিক মতপার্থক্য থাকলেও দেশের স্বার্থ ও গণতন্ত্র রক্ষায় ফ্যাসিবাদবিরোধী আন্দোলনে সবাইকে ঐক্যবদ্ধ থাকতে হবে।

বৈঠকে প্রধান উপদেষ্টা বলেন, ওসমান হাদির ওপর হামলাটি পূর্বপরিকল্পিত এবং এর মাধ্যমে নির্বাচন বানচালের অপচেষ্টা চালানো হচ্ছে। তিনি জানান, ষড়যন্ত্রকারীরা সংগঠিত নেটওয়ার্ক গড়ে তুলে প্রশিক্ষিত গুন্ডার মাঠে নামিয়েছে। এ অবস্থায় দল-মত নির্বিশেষে সবাইকে সতর্ক ও ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানান তিনি।

বৈঠক শেষে সালাহউদ্দিন আহমদ বলেন, হাদির ওপর হামলা শুধু একজনের ওপর নয়, এটি বাংলাদেশের ওপর হামলা। এর আগে চট্টগ্রামে বিএনপি প্রার্থীর ওপর হামলার ঘটনায় যথাযথ ব্যবস্থা নিলে এমন পরিস্থিতি তৈরি হতো না বলেও মন্তব্য করেন তিনি। নির্বাচনের আগে হামলা ও বিশৃঙ্খলা সৃষ্টি করে ভোট বানচাল করা যাবে না এমন হুঁশিয়ারি দিয়ে তিনি জানান, ফ্যাসিবাদের বিরুদ্ধে ঐক্যবদ্ধ আন্দোলনের অংশ হিসেবে ইনকিলাব মঞ্চের প্রতিরোধ সমাবেশে বিএনপি সক্রিয়ভাবে অংশ নেবে।